গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ**
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ওয়েব সাইট : cgwc.edu.bd

নম্বর : ১৭২ তারিখ : ১১/০৮/২০২১ খ্রিঃ

## ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট জমাদানের বিজ্ঞপ্তি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট কার্যক্রম ২৬/০৭/২০২১ খ্রিঃ থেকে শুরু হয়েছে। তৃতীয় সপ্তাহের অ্যাসাইনমেন্ট নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের বিভাগে জমা দিতে হবে।

| তারিখ ও বার | বিভাগ | সময় | কক্ষ নং |
|---|---|---|---|
| ১৭/০৮/২০২১, মঙ্গলবার | বিজ্ঞান | সকাল ১০:০০ - ১:০০ | সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় অফিস |
| ১৮/০৮/২০২১, বুধবার | ব্যবসায় শিক্ষা | সকাল ১০:০০ - ১:০০ | |
| ১৯/০৮/২০২১, বৃহস্পতিবার | মানবিক | সকাল ১০:০০ - ১:০০ | |

(প্রফেসর তাহমিনা আক্তার নূর)
অধ্যক্ষ
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

11. 08. 21
(সুবীর কান্তি দাশ)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি
ও আহবায়ক
২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট কার্যক্রম পরিচালনা কমিটি
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: জীববিজ্ঞান | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ১৭৯ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল / বিষয়বস্তু |
|---|---|---|
| ২<br>প্রথম অধ্যায়: প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস | বৈশিষ্ট্যের ভিত্তিতে কর্ডাটা পর্বের প্রাণীসমূহের শ্রেণিবিন্যাসকরণ | • প্রাণীকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করার ভিত্তি ও নীতি ব্যাখ্যা করতে পারবে।<br>• কর্ডাটা পর্বের প্রাণীকে শ্রেণি পর্যন্ত বিন্যস্ত করতে পারবে। |

### নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)

১. পাঠ্যপুস্তকে কর্ডাটা পর্বের যে শ্রেণিবিন্যাসে ৩ টি উপপর্ব, ২ টি অধিশ্রেণি এবং সব মিলিয়ে মোট ১১ টি শ্রেণি রয়েছে সেই শ্রেণিবিন্যাসটি পাঠ করতে হবে।

২. নিচের তালিকা অনুযায়ী পনেরটি কাগজের টুকরা বানাতে হবে যার প্রতিটিতে একটি করে বৈশিষ্ট্য লেখা থাকবে। বাইরে থেকে যেন বোঝা না যায় কোন টুকরায় কী লেখা আছে, যাতে সেগুলো ভাঁজ করে সেখান থেকে লটারি করা সম্ভব হয়।

(নিচের তালিকাটি অ্যাসাইনমেন্টে উপস্থাপন করতে হবেনা)

| গ্রুপ-১ | গ্রুপ-২ | গ্রুপ-৩ | গ্রুপ-৪ | গ্রুপ-৫ |
|---|---|---|---|---|
| ভেজা ত্বক | ফুলকা | দুই প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড | শীতল রক্ত (বিষমোষ্ণ) | ডিম পাড়ে |
| শুষ্ক ত্বক | ফুসফুস | তিন প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড | উষ্ণ রক্ত (সমোষ্ণ) | বাচ্চা প্রসব করে |
| আঁইশ যুক্ত ত্বক | | অসম্পূর্ণভাবে চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড | | |
| পালক যুক্ত ত্বক | | চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড | | |
| লোম যুক্ত ত্বক | | | | |

৩. ছকের পনেরটি বৈশিষ্ট্য পনেরটি ছোট কাগজের টুকরায় লিখে ভাঁজ করে গ্রুপ অনুযায়ী পাঁচটি পৃথক লটারির বাক্সে রাখতে হবে। যেমন: গ্রুপ-১ এর বাক্সে থাকবে ৫ টি, গ্রুপ-২ এর বাক্সে থাকবে ২ টি ইত্যাদি।

৪. এছাড়া আরো একটি বাক্সে লটারি করার জন্য এরকম দশটি কাগজের প্রতিটিতে একটি করে সংখ্যা লিখে ভাঁজ করে রাখতে হবে: ১২৩, ১২৪, ১২৫, ১৩৪, ১৩৫, ১৪৫, ২৩৪, ২৩৫, ২৪৫, ৩৪৫। এই বাক্সের নাম হবে গ্রুপ-X।

৫. প্রত্যেক রাউন্ডের শুরুতে গ্রুপ-X হতে না দেখে একটা কাগজ তুলতে হবে। ধরা যাক, ১৩৪ লেখা কাগজ উঠলো। তাহলে গ্রুপ-১, গ্রুপ-৩ এবং গ্রুপ-৪ হতে একটি করে কাগজ তুলতে হবে। ধরা যাক, সেই তিনটি গ্রুপ হতে যথাক্রমে লোমযুক্ত ত্বক, চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড এবং উষ্ণ রক্ত লেখা কাগজ উঠলো।

৬. এই তিনটি বৈশিষ্ট্য উপস্থিত, এমন শ্রেণি আছে কিনা খুঁজে বের করতে হবে। এক্ষেত্রে সেটি Mammalia। কেন এই শ্রেণির নাম লেখা হলো, অন্য কোনো শ্রেণি নয়, সেটা নিচে অ্যাসাইনমেন্টের ছকে নির্ধারিত ঘরে ব্যাখ্যা করতে হবে।

৭. যদি ঐ তিনটি বৈশিষ্ট্য হয় লোমযুক্ত ত্বক, চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড এবং শীতল রক্ত, তাহলে তা কোনো শ্রেণিতে পড়বে না। এক্ষেত্রে উল্লিখিত উদাহরণের প্রথম দুটি বৈশিষ্ট্য একটি শ্রেণিতে এবং অপর বৈশিষ্ট্যটি যে অন্য শ্রেণিতে চলে যাবে, সেটা ব্যাখ্যা করে নিচে অ্যাসাইনমেন্ট ছকের নির্ধারিত ঘরসমূহে লিখতে হবে।

### মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. পাঁচটি রাউন্ডের প্রত্যেকটিতে অ্যাসাইনমেন্টের জন্য নির্ধারিত ছকে পুনরাবৃত্তি ছাড়া তিনটি করে বৈশিষ্ট্যের উল্লেখ করা | পাঁচটি রাউন্ডের প্রতিটিতে বৈশিষ্ট্যসমূহ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা | পাঁচটি রাউন্ডের ৪ টিতে বৈশিষ্ট্যসমূহ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা | পাঁচটি রাউন্ডের ২-৩ টিতে বৈশিষ্ট্যসমূহ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা | পাঁচটি রাউন্ডের মাত্র একটিতে বৈশিষ্ট্যসমূহ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা | |
| খ. পাঁচটি রাউন্ডের প্রত্যেকটিতে বৈশিষ্ট্যসমূহের সাথে মিল রেখে শ্রেণির নাম উল্লেখ করা (কিংবা কোনো শ্রেণির সাথে না মিললে সেটিও উল্লেখ করা) | পাঁচটি রাউন্ডের প্রতিটিতে শ্রেণির নাম (বা তার অনুপস্থিতি) গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা | পাঁচটি রাউন্ডের ৪ টিতে শ্রেণির নাম (বা তার অনুপস্থিতি) গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা | পাঁচটি রাউন্ডের ২-৩ টিতে শ্রেণির নাম (বা তার অনুপস্থিতি) গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা | পাঁচটি রাউন্ডের মাত্র একটিতে শ্রেণির নাম (বা তার অনুপস্থিতি) গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা | |
| গ. পাঁচটি রাউন্ডের প্রত্যেকটিতে বৈশিষ্ট্যসমূহের সাথে মিল রেখে কেন একটি শ্রেণির নাম উল্লেখ করা হয়েছে (বা সেরকম কোনো শ্রেণি নেই বলা হয়েছে) তা ব্যাখ্যা করা | পাঁচটি রাউন্ডের প্রতিটিতে গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করতে পারা | পাঁচটি রাউন্ডের ৪ টিতে গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করতে পারা | পাঁচটি রাউন্ডের ২-৩ টিতে গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করতে পারা | পাঁচটি রাউন্ডের মাত্র একটিতে গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করতে পারা | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ১২

মন্তব্য:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ৮. এভাবে ছকের একটি সারি পূরণ হলে এক রাউন্ড সম্পন্ন হবে। তখন ভাঁজ করা কাগজগুলো আবার তাদের নির্ধারিত গ্রুপের বাক্সে রেখে ৫-৭ নং ধাপের পুনরাবৃত্তি করতে হবে। এভাবে মোট ৫ রাউন্ড শেষ করতে হবে। যদিও দুটি ভিন্ন রাউন্ডে তিনটি বৈশিষ্ট্যের সেট হুবহু মিলে যাওয়ার সম্ভাবনা খুবই কম (২৩৬ ভাগের একভাগ) তবুও যদি সেরকম হয় তাহলে সেই রাউন্ড বাতিল করে নতুনভাবে লটারি করতে হবে। | | |


| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১০-১২ | অতি উত্তম |
| ৮-৯ | উত্তম |
| ৬-৭ | ভালো |
| ৫ বা এর কম | অগ্রগতি প্রয়োজন |

অ্যাসাইনমেন্টের জন্য নির্ধারিত ছক: (যে দুটি রাউন্ডের উদাহরণ এখানে দেওয়া হয়েছে তা শিক্ষার্থী যা পাবে সেটার সাথে নাও মিলতে পারে)

| রাউন্ড | বৈশিষ্ট্য | শ্রেণির নাম | ব্যাখ্যা |
|---|---|---|---|
| ১. | লোমযুক্ত ত্বক, চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড, উষ্ণ রক্ত | Mammalia | ? |
| ২. | লোমযুক্ত ত্বক, চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড, শীতল রক্ত | নাই | ? |
| ৩. | ??? | ? | ? |
| ৪. | ??? | ? | ? |
| ৫. | ??? | ? | ? |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: উচ্চতর গণিত　　পত্র: দ্বিতীয়　　কোড: ২৬৬　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | নির্দেশনা | নম্বর | |
| ০২<br>অধ্যায়-৬ (কণিক) | **কণিক সংক্রান্ত সমস্যা সমাধান**<br>(i) $\alpha x^2 + \beta y^2 + 72x - 32y - 16 = 0$<br>(ii) নিচের চিত্রটি লক্ষ কর: <br> | ● প্যারাবোলার লেখচিত্র অঙ্কন করতে পারবে এবং শীর্ষবিন্দু, উপকেন্দ্র ও নিয়ামক রেখা চিহ্নিত করতে পারবে।<br>● প্যারাবোলার উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য এবং উপকেন্দ্রের স্থানাঙ্ক নির্ণয় করতে পারবে।<br>● উপবৃত্তের প্রমিত সমীকরণ সনাক্ত করতে পারবে।<br>● উপবৃত্তের সমীকরণ থেকে উৎকেন্দ্রিকতা নির্ণয় করতে পারবে।<br>● কেন্দ্র মূলবিন্দু বিশিষ্ট হাইপারবোলার প্রমিত সমীকরণ সনাক্ত করতে পারবে ও লিখতে পারবে।<br>● উপকেন্দ্র ও দিকাক্ষের সংজ্ঞা হতে হাইপারবোলার সমীকরণ নির্ণয় করতে পারবে। | ক) $y^2 = 4px - 12$ প্যারাবোলাটি $S$ বিন্দুগামী হলে এর উপকেন্দ্রের স্থানাঙ্ক এবং অক্ষরেখা ও নিয়ামকের সমীকরণ **নির্ণয়** কর। | ক) | • উপকেন্দ্রের স্থানাঙ্ক এবং অক্ষরেখা ও নিয়ামকের সমীকরণ নির্ণয় | ০৪ | |
| | | | | | • উপকেন্দ্রের স্থানাঙ্ক এবং অক্ষরেখা অথবা নিয়ামকের সমীকরণ নির্ণয় | ০৩ | |
| | | | | | • উপকেন্দ্র নির্ণয় | ০২ | |
| | | | | | • $p$ নির্ণয় | ০১ | |
| | | | খ) চিত্রে প্রদর্শিত উপবৃত্তের নিয়ামকদ্বয়ের সমীকরণ **নির্ণয়** কর। | খ) | • নিয়ামকদ্বয়ের সমীকরণ নির্ণয় | ০৩ | |
| | | | | | • উপবৃত্তের a নির্ণয় | ০২ | |
| | | | | | • উপবৃত্তের e নির্ণয় | ০১ | |
| | | | গ) $SS'$ বৃহৎ অক্ষ এবং 8 উৎকেন্দ্রিকতা বিশিষ্ট হাইপারবোলার সমীকরণ **নির্ণয়** কর। | গ) | • হাইপারবোলার সমীকরণ নির্ণয় | ০৩ | |
| | | | | | • হাইপারবোলার b নির্ণয় | ০২ | |
| | | | | | • হাইপারবোলার a নির্ণয় | ০১ | |
| | | | ঘ) $\alpha = 18, \beta = 8$ হলে $(i)$ নং কণিকের প্রকৃতি **নির্ণয়** করে এর শীর্ষ বিন্দু এবং উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য **নির্ণয়** কর। | ঘ) | • শীর্ষ বিন্দু এবং উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য নির্ণয় | ০৩ | |
| | | | | | • শীর্ষ বিন্দু নির্ণয় | ০২ | |
| | | | | | • কণিকের প্রকৃতি নির্ণয় | ০১ | |
| | | | ঙ) $\alpha = 9, \beta = -16$ হলে $(i)$ নং কণিকের প্রকৃতি **নির্ণয়** করে এর কেন্দ্র এবং উপকেন্দ্রিক লম্বের সমীকরণ **নির্ণয়** কর। | ঙ) | • কেন্দ্র এবং উপকেন্দ্রিক লম্বের সমীকরণ নির্ণয় | ০৩ | |
| | | | | | • কেন্দ্র নির্ণয় | ০২ | |
| | | | | | • কণিকের প্রকৃতি নির্ণয় | ০১ | |
| | | | | | মোট নম্বর ১৬ | | |

বরাদ্দকৃত নম্বর- ১৬

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩ - ১৬ | অতি উত্তম |
| ১১ - ১২ | উত্তম |
| ০৮ - ১০ | ভালো |
| ০ - ০৭ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: রসায়ন | পত্র: দ্বিতীয় পত্র | বিষয় কোড: ১৭৭ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br>প্রথম অধ্যায়<br>পরিবেশ রসায়ন | গ্যাসের ধর্ম এবং আদর্শ ও বাস্তব গ্যাস | • বয়েল, চার্লস/গে-লুসাক সূত্র এবং বয়েল ও চার্লসের সমন্বয়সূত্র ব্যাখ্যা করতে পারবে;<br>• বয়েল, চার্লস/গে-লুসাক ও অ্যাভোগাড্রো সূত্র হতে আদর্শ গ্যাসের সমীকরণ ব্যাখ্যা করতে পারবে;<br>• ডাল্টনের আংশিক চাপসূত্র, আংশিক চাপসূত্র হতে গ্যাস মিশ্রণের মোট চাপ নির্ণয় করতে পারবে;<br>• গ্যাসের গতিতত্ত্বের স্বীকার্যের ভিত্তিতে গতিশক্তি ব্যাখ্যা করতে পারবে;<br>• আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের পার্থক্য করতে পারবে;<br>• বাস্তব গ্যাসসমূহের আদর্শ আচরণ করার শর্ত ব্যাখ্যা করতে পারবে; | ক) গ্যাসের আয়তনের সাথে তাপমাত্রার সম্পর্ক স্থাপন<br>খ) গ্যাসের গতিতত্ত্বের স্বীকার্যসমূহ ব্যাখ্যা ও গ্যাসের গতি শক্তি নির্ণয়<br>গ) ডাল্টনের আংশিক চাপ সূত্রের প্রয়োগ<br>ঘ) আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাস এবং মোলার গ্যাস ধ্রুবক ব্যাখ্যা | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) চার্লসের সূত্র থেকে পরম শূন্য তাপমাত্রা এবং পরম তাপমাত্রার স্কেল ব্যাখ্যা | সূত্রের উল্লেখ, পরম শূন্য তাপমাত্রা এবং পরম তাপমাত্রার স্কেল যথাযথ ব্যাখ্যা | সূত্রের উল্লেখ, পরম শূন্য তাপমাত্রা এবং পরম তাপমাত্রার স্কেল অধিকাংশ সঠিক ব্যাখ্যা | সূত্রের উল্লেখ, পরম শূন্য তাপমাত্রা এবং পরম তাপমাত্রার স্কেল আংশিক ব্যাখ্যা | সূত্রের উল্লেখ/ পরম শূন্য তাপমাত্রা/পরম তাপমাত্রার স্কেল | |
| খ) গ্যাসের গতিতত্ত্বের স্বীকার্যসমূহ উল্লেখ এবং STP তে 1 অণু $CO_2$ গ্যাসের গতিশক্তি হিসাব | স্বীকার্যসমূহ উল্লেখ এবং গতিশক্তির হিসাব যথাযথ উপস্থাপন | স্বীকার্যসমূহ উল্লেখ এবং গতিশক্তির হিসাব অধিকাংশ সঠিক উপস্থাপন | স্বীকার্যসমূহ উল্লেখ এবং গতিশক্তির হিসাব আংশিক উপস্থাপন | স্বীকার্যসমূহ উল্লেখ/ গতিশক্তির সমীকরণ | |
| গ) স্থির তাপমাত্রায় 1.0 L সিলিন্ডারে 1.0 atm চাপে 400 mL $CO_2$, 750 mm (Hg) চাপে 500 mL $NO_2$ এবং 103.64 kPa চাপে 600 mL $CH_4$ গ্যাসকে মিশ্রিত করা হলে প্রত্যেক গ্যাসের মোল ভগ্নাংশ নির্ণয় করা | আংশিক চাপ, মোট চাপ, মোল ভগ্নাংশের যথাযথ হিসাব | আংশিক চাপ, মোট চাপ, মোল ভগ্নাংশের অধিকাংশ সঠিক হিসাব | আংশিক চাপ, মোট চাপ, মোল ভগ্নাংশের আংশিক হিসাব | আংশিক চাপ/ মোট চাপ হিসাব | |
| ঘ) আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ এবং মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা নির্ণয় | আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ এবং মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা যথাযথ উপস্থাপন | আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ এবং মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা অধিকাংশ সঠিক উপস্থাপন | আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ এবং মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা আংশিক উপস্থাপন | আদর্শ গ্যাস/ বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ/মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা উল্লেখ | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

বি:দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০-১০০%, অধিকাংশ সঠিক = ৭০-৭৯%, আংশিক = ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৪-১৬ | অতি উত্তম |
| ১১-১৩ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৭ বা ৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান　　পত্র: দ্বিতীয়　　বিষয় কোড: ২৫৪　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) |
|---|---|---|---|
| ০২<br>দ্বিতীয় অধ্যায়:<br>**অংশীদারি ব্যবসায় হিসাব** | **অংশীদারি ব্যবসায় ও এর হিসাব প্রক্রিয়া**<br><br>**সহায়ক তথ্য:**<br>আবুল, আবদুল ও আসাদুল একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি আবুল ৩,০০,০০০ টাকা, আবদুল ২,৫০,০০০ টাকা এবং আসাদুল ২,০০,০০০ টাকা মূলধন স্বরূপ সরবরাহ করেন। আবদুল প্রতি মাসে ৫০০ টাকা নগদ উত্তোলন করেন এবং আসাদুল বছরের মাঝামাঝি ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। আবুল কারবার পরিচালনা করেন এবং এ কারণে তিনি প্রতি মাসে ২,৫০০ টাকা বেতন পাবেন। আর্থিক স্বল্পতার কারণে ১ এপ্রিল আসাদুল ১০,০০০ টাকা ঋণ প্রদান করেন এবং আবুল ১ জুন ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন। আংশীদারি চুক্তি অনুযায়ী উত্তোলনের উপর বার্ষিক ১০% সুদ ধার্য করতে হবে। আবুল ব্যবসায়ে তার সার্বক্ষণিক সহায়তা করার জন্য বন্টনযোগ্য লাভের উপর কমিশন ধার্য করার পরবর্তী লাভের উপর ৫% হারে কমিশন পাবেন। আবদুলের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয় সাধন করার পূর্বে ব্যবসায়ের নিট লাভ ১,১০,০০০ টাকায় উপনীত হয়। | • অংশীদারি ব্যবসায়ের উপাদানসমূহের ব্যাখ্যা দিতে পারবে।<br>• চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহ নিষ্পত্তি করতে পারবে।<br>• লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি করে অংশীদারদের মুনাফার অংশ নির্ণয় করতে পারবে।<br>• অংশীদারদের মূলধন হিসাব এবং অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করতে পারবে। | • চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহের নিষ্পত্তিকরণ।<br>• অংশীদারদের মধ্যে লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুত করতে হবে।<br>• অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করতে হবে।<br>• অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করতে হবে (পরিবর্তনশীল মূলধন পদ্ধতি ও স্থিতিশীল মূলধন পদ্ধতিতে)। |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা /নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক) সহায়ক তথ্যের ভিত্তিতে চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহের নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনাকরন | ৪টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ৩টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ২টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ১টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | |
| খ) সহায়ক তথ্যের ভিত্তিতে লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুতকরণ | সঠিকভাবে সম্পন্ন করলে | ১টি লেনদেন ভুল করলে | ২টি লেনদেন ভুল করলে | আংশিক শুদ্ধ হলে | |
| গ) সহায়ক তথ্যের ভিত্তিতে আবদুল ও আসাদুলের চলতি হিসাব প্রস্তুতকরণ | ২টি চলতি হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঘ) সহায়ক তথ্যের ভিত্তিতে স্থিতিশীল মূলধন পদ্ধতিতে আবুল ও আসাদুলের মূলধন হিসাব প্রস্তুতকরণ | ২টি মূলধন হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঙ) সহায়ক তথ্যের ভিত্তিতে পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে আবুল ও আবদুলের মূলধন হিসাব প্রস্তুতকরণ | ২টি মূলধন হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

মন্তব্য

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬- ২০ | অতি উত্তম |
| ১৪- ১৫ | উত্তম |
| ১০- ১৩ | ভালো |
| ০০- ০৯ | অগ্রগতির প্রয়োজন |

## এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২৯৩ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুবিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br><br>প্রথম অধ্যায়: ব্যাংক ব্যবস্থার প্রাথমিক ধারণা | বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থা ও অর্থনৈতিক উন্নয়নের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ | • অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে<br>• ব্যাংক ব্যবসায়ের প্রকৃতি ও ধরন ব্যাখ্যা করতে পারবে | বাংলাদেশে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থা ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত ৩০০ শব্দের মধ্যে একটি নিবন্ধ রচনা করতে হবে। সেক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে:<br>• ব্যাংকের ধারণা<br>• ব্যাংক ব্যবসায়ের প্রকৃতি<br>• ব্যাংকের শ্রেণিবিভাগ<br>• অর্থনৈতিক উন্নয়নের সাথে বাংলাদেশে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ | (নিচের রুবিক্স দেখুন) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুবিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক. ব্যাংকের ধারণা ব্যাখ্যা | দুটি উদাহরণসহ যথাযথভাবে ধারণা ব্যাখ্যা করলে | ১টি উদাহরণসহ আংশিক ধারণা ব্যাখ্যা করলে | উদাহরণ ব্যতীত সঠিক ধারণা ব্যাখ্যা করলে | ন্যূনতম ধারণা ব্যাখ্যা করলে | |
| খ. ব্যাংক ব্যবসায়ের প্রকৃতি | ব্যাংক ব্যবসায়ের ৪টি প্রকৃতি ব্যাখ্যা করতে পারলে | ব্যাংক ব্যবসায়ের তিনটি প্রকৃতি ব্যাখ্যা করলে | ব্যাংক ব্যবসায়ের দুটি প্রকৃতি ব্যাখ্যা করলে | ব্যাংক ব্যবসায়ের ন্যূনতম একটি প্রকৃতি ব্যাখ্যা করলে | |
| গ. কার্যের ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগ | কার্যের ভিত্তিতে একটি উদাহরণসহ ব্যাংকের শ্রেণিবিভাগের ব্যাখ্যা করলে | কার্যের ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগের ব্যাখ্যা করলে | কার্যের ভিত্তিতে ব্যাংকের শ্রেণিগুলোর নাম লিখলে | কার্যের ভিত্তিতে ন্যূনতম একটি শ্রেণিবিভাগ লিখলে | |
| ঘ. সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগ | সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগের ব্যাখ্যা করলে এবং দুটির উদাহরণ দিলে | সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগের ব্যাখ্যা করলে | সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাংকের শ্রেণিগুলোর নাম লিখলে | সংগঠন কাঠামোর ভিত্তিতে ন্যূনতম একটি শ্রেণিবিভাগ লিখলে | |
| ঙ. অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের গুরুত্ব | অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ৪টি গুরুত্ব ব্যাখ্যা করলে | অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ৩টি গুরুত্ব ব্যাখ্যা করলে | অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ২টি গুরুত্ব ব্যাখ্যা করলে | অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ১টি গুরুত্ব ব্যাখ্যা করলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯% সঠিক

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০- ০৯ | অগ্রগতি প্রয়োজন |

এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়:অর্থনীতি | পত্র:দ্বিতীয় | বিষয় কোড: ১১০ | স্তর: এইচএসসি /আলিম

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল /বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br>দ্বিতীয় অধ্যায়ঃ বাংলাদেশের কৃষি | 'বাংলাদেশের কৃষি পণ্যের বিপণন ব্যবস্থাই কৃষি খাতের উন্নয়নের অন্যতম অন্তরায়'- উক্তিটির স্বপক্ষে যুক্তি প্রদর্শনপূর্বক সমস্যা সমাধানে সরকার / রাষ্ট্রের নীতিসহ ভূমিকা বিশ্লেষণ | • বাস্তব ঘটনা ও তথ্য উপাত্ত বিশ্লেষণ করে বাংলাদেশের কৃষিপণ্যের বিপণন সমস্যাসমূহ চিহ্নিত করতে পারব<br>• বাংলাদেশের কৃষিপণ্যের বিপণন সমস্যা সমাধানে সরকার / রাষ্ট্রের অংশগ্রহণের গুরুত্ব বিশ্লেষণ করতে পারব কৃষি উন্নয়নে গৃহীত নীতি ও কর্মসূচির প্রতি সমর্থন দানে উদ্বুদ্ধ হবো | • কৃষি পণ্যের বিপণন ধারণা<br>• কৃষি পণ্যের বিপণন ব্যবস্থা<br>• কৃষি পণ্যের বিপণন সমস্যা চিহ্নিতকরণ<br>• কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ভূমিকা<br>• সরকারের কৃষি বিপণন নীতি | | |

| নির্দেশক | পারদর্শিতার মান /নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) কৃষি পণ্যের বিপণন ধারণা | উদাহরণসহ কৃষি পণ্যের বিপণন ধারণার প্রত্যাশিত ব্যাখ্যা | উদাহরণ ছাড়া কৃষি পণ্যের বিপণন ধারণার প্রত্যাশিত ব্যাখ্যা | কৃষি পণ্যের বিপণন ধারণার ব্যাখ্যা | কৃষি পণ্যের বিপণন ধারণার ব্যাখ্যায় অস্পষ্টতা | |
| খ) কৃষি পণ্যের বিপণন ব্যবস্থা | উদাহরণসহ কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার প্রত্যাশিত ব্যাখ্যা | উদাহরণ ছাড়া কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার প্রত্যাশিত ব্যাখ্যা | কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার ব্যাখ্যা | কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার ব্যাখ্যায় অস্পষ্টতা | |
| গ) কৃষি পণ্যের বিপণন সমস্যা চিহ্নিতকরণ | কৃষি পণ্যের ১০-১২টি বিপণন সমস্যা চিহ্নিতকরণ ও ব্যাখ্যা | কৃষি পণ্যের ০৮-০৯টি বিপণন সমস্যা চিহ্নিতকরণ ও ব্যাখ্যা | কৃষি পণ্যের ০৬-০৭টি বিপণন সমস্যা চিহ্নিতকরণ ও ব্যাখ্যা | কৃষি পণ্যের ০৪-০৫টি বিপণন সমস্যা চিহ্নিতকরণ ও ব্যাখ্যা | |
| ঘ) কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ভূমিকা | কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ৫-৬টি ভূমিকা প্রত্যাশিত উপস্থাপন | কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ৩-৪টি ভূমিকা প্রত্যাশিত উপস্থাপন | কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ২টি ভূমিকা প্রত্যাশিত উপস্থাপন | কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ১টি ভূমিকা প্রত্যাশিত উপস্থাপন | |
| ঙ)সরকারের কৃষি বিপণন নীতি | সরকারের ৪টি কৃষি বিপণন নীতির প্রত্যাশিত ব্যাখ্যা | সরকারের ৩টি কৃষি বিপণন নীতির প্রত্যাশিত ব্যাখ্যা | সরকারের ২টি কৃষি বিপণন নীতির প্রত্যাশিত ব্যাখ্যা | সরকারের ১টি কৃষি বিপণন নীতির ব্যাখ্যা | |
| | | | | মোট | |

বরাদ্দকৃত মোট নম্বর: ২০

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০ -০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পৌরনীতি ও সুশাসন | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২৭০ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br><br>প্রথম অধ্যায়: ব্রিটিশ ভারতে প্রতিনিধিত্বশীল সরকারের বিকাশ | ১৯৪৭ সালে ভারত এবং পাকিস্তান রাষ্ট্র সৃষ্টির প্রেক্ষাপট পর্যালোচনা | • ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট বর্ণনা করতে পারবে।<br>• ১৯৩৫ সালের ভারত শাসন আইনের রাজনৈতিক গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>• দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য মূল্যায়ন করতে পারবে।<br>• লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।<br>• লাহোর প্রস্তাবের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>• ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। | • ১৯৩৫ সালের ভারত শাসন আইন<br>• দ্বি-জাতি তত্ত্ব<br>• লাহোর প্রস্তাব<br>• ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইন | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য | ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য তথ্যনির্ভর ও যথাযথভাবে লিখেছে | ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য অধিকাংশ লিখেছে | ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য আংশিক লিখেছে | ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্যে ধারাবাহিকতা রক্ষা হয়নি | |
| খ. দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য | দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য সৃজনশীলতার সাথে উপস্থাপিত হয়েছে | দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য বর্ণনা করেছে তবে সৃজনশীলতা অনুপস্থিত | দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য বর্ণনা আংশিক উপস্থাপন করেছে | দ্বি-জাতি তত্ত্বের ধারণা যথাযথভাবে উপস্থাপিত হয়নি। | |
| গ. লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য | লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য যথাযথভাবে লিখেছে | লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য অধিকাংশ লিখেছে | লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য আংশিক লিখেছে | লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য উপস্থাপন যথাযথ হয়নি | |
| ঘ. ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য | ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য তথ্যনির্ভর ও যথাযথভাবে লিখেছে | ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য অধিকাংশ লিখেছে | ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য আংশিক লিখেছে | ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য উল্লেখে ধারাবাহিকতা অনুসৃত হয়নি | |
| ঙ. উপস্থাপনা কৌশল | নান্দনিক ও সৃজনশীল উপস্থাপন | অধিকাংশ (সম্পূর্ণ নয়) নান্দনিক ও সৃজনশীল উপস্থাপন | আংশিক নান্দনিক ও সৃজনশীল উপস্থাপন | হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখেছে, সৃজনশীল নয় | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর:২০ | | | | | |
| বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক, এবং আংশিক= ৫০%-৬৯% | | | | | |

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: যুক্তিবিদ্যা    পত্র: দ্বিতীয়    বিষয় কোড: ১২২    স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০২<br>প্রথম অধ্যায়: যৌক্তিক সংজ্ঞা | মানুষ জ্ঞানী ও বুদ্ধিবৃত্তিসম্পন্ন প্রাণী যার পাখা নাই- সংজ্ঞাটির সঠিকতা যাচাই | • যৌক্তিক সংজ্ঞা ব্যাখ্যা করতে পারবে।<br>• যৌক্তিক সংজ্ঞার প্রাসঙ্গিকতা মূল্যায়ন করতে পারবে।<br>• সংজ্ঞার নিয়মাবলি বর্ণনা করতে পারবে।<br>• সংজ্ঞার নিয়ম লঙ্ঘনজনিত অনুপপত্তিসমূহ মূল্যায়ন করতে পারবে।<br>• যথার্থ সংজ্ঞা প্রদানে সমর্থ হবে।<br>• সংজ্ঞার অনুপপত্তিজনিত সমস্যার সমাধান করতে পারবে। | ক. সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লংঘন করা হয়েছে তা সংক্ষেপে লিখ।<br>খ. নিয়ম লঙ্ঘনের ফলে কী কী অনুপপত্তির সৃষ্টি হয়েছে তা ব্যাখ্যা কর।<br>গ. মানুষের সঠিক সংজ্ঞা দিয়ে তার প্রক্রিয়টি লিখ।<br>ঘ. সংজ্ঞার নিয়মানুসারে যে কোনো একটি (যেমন, পাখি, পশু, লেখক) ধারণার সংজ্ঞা দাও এবং যুক্তি দিয়ে ব্যাখ্যা কর। | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক. সংজ্ঞায় অনুসৃত নিয়ম | সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তা উদাহরণসহ লিখেছে | সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তা উদাহরণ ছাড়া লিখেছে | সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তার আংশিক উদাহরণসহ লেখা হয়েছে | সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তার আংশিক লেখা হয়েছে | |
| খ. নিয়ম লঙ্ঘনের এর ফলে সৃষ্ট অনুপপত্তি | নিয়ম লঙ্ঘনের ফলে সৃষ্ট অনুপপত্তি নাম, প্রশ্ন বিশ্লেষণসহ ব্যাখ্যা করেছে | নিয়ম লঙ্ঘনের ফলে সৃষ্ট অনুপপত্তি নাম, প্রশ্ন বিশ্লেষণ ছাড়া ব্যাখ্যা করেছে | নিয়ম লঙ্ঘনের ফলে সৃষ্ট অনুপপত্তি নাম, প্রশ্ন বিশ্লেষণ ছাড়া অসম্পূর্ণ ব্যাখ্যা করেছে | নিয়ম লঙ্ঘনের ফলে সৃষ্ট অনুপপত্তি নাম উল্লেখ করেছে | |
| গ. মানুষের সঠিক সংজ্ঞা | সম্পূর্ণ ও স্পষ্ট ব্যাখ্যাসহ সঠিক সংজ্ঞা দিয়েছে | অস্পষ্ট ব্যাখ্যাসহ সঠিক সংজ্ঞা দিয়েছ | অসম্পূর্ণ ব্যাখ্যাসহ সঠিক সংজ্ঞা দিয়েছে | শুধু সংজ্ঞা দিয়েছে | |
| ঘ. সংজ্ঞার নিয়মানুসারে যে কোনো একটি সংজ্ঞা | সংজ্ঞার নিয়মানুসারে, সঠিকভাবে যে কোনো একটি সংজ্ঞা দিয়েছে এবং যুক্তি দিয়ে ব্যাখ্যা করেছে | সংজ্ঞার নিয়মানুসারে যে কোনো একটি সংজ্ঞা সঠিকভাবে দিয়েছে এবং যুক্তি ব্যতীত ব্যাখ্যা করেছে | সংজ্ঞার নিয়মানুসারে, সঠিকভাবে যে কোনো একটি সংজ্ঞা দিয়েছে এবং আংশিক ব্যাখ্যা দিয়েছে | সংজ্ঞার নিয়মানুসারে, সঠিকভাবে যে কোনো একটি সংজ্ঞা দিয়েছে কিন্তু ব্যাখ্যা দেয় নি | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ১৬

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: সমাজবিজ্ঞান | পত্র: দ্বিতীয়পত্র | বিষয় কোড: ১১৮ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br><br>প্রথম অধ্যায়: বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার বিকাশ | বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চা, প্রয়োজনীয়তা ও বিকাশধারা | • বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার পটভূমি বর্ণনা করতে পারবে<br>• বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে<br>• বাংলাদেশে সমাজবিজ্ঞানের বিকাশধারা বর্ণনা করতে পারবে | • বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার পটভূমি লিখতে হবে<br>• বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে হবে<br>• বাংলাদেশে সমাজবিজ্ঞানের বিকাশধারা বর্ণনা করতে হবে | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার পটভূমি | বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার পটভূমি সম্পর্কিত ৮জন চিন্তাবিদের দৃষ্টিভঙ্গীর বর্ণনা | বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার পটভূমি সম্পর্কিত ৬জন চিন্তাবিদের দৃষ্টিভঙ্গীর বর্ণনা | বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার পটভূমি সম্পর্কিত ৪জন চিন্তাবিদের দৃষ্টিভঙ্গীর বর্ণনা | বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার পটভূমি সম্পর্কিত ২জন চিন্তাবিদের দৃষ্টিভঙ্গীর বর্ণনা অথবা সাধারণ বর্ণনা | |
| খ. বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা | বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের ৮টি প্রয়োজনীয়তার বর্ণনা | বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের ৬টি প্রয়োজনীয়তার বর্ণনা | বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের ৪টি প্রয়োজনীয়তার বর্ণনা | বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের ২টি প্রয়োজনীয়তার বর্ণনা অথবা সাধারণ বর্ণনা | |
| গ. বাংলাদেশে সমাজবিজ্ঞানের বিকাশধারা | বাংলাদেশে সমাজবিজ্ঞানের বিকাশধারা সম্পর্কে বিস্তারিত বর্ণনা (১৯৫৭ সাল পূর্ববর্তী সময়, ১৯৫৭ সাল-১৯৭১ সাল পর্যন্ত এবং স্বাধীনতা পরবর্তী সময়) | বাংলাদেশে সমাজবিজ্ঞানের বিকাশধারা সম্পর্কে (১৯৫৭ সাল পূর্ববর্তী সময়, ১৯৫৭ সাল-১৯৭১ সাল পর্যন্ত এবং স্বাধীনতা পরবর্তী সময়) যে কোন ২টি সময়ের বর্ণনা | বাংলাদেশে সমাজবিজ্ঞানের বিকাশধারা সম্পর্কে (১৯৫৭ সাল পূর্ববর্তী সময়, ১৯৫৭ সাল-১৯৭১ সাল পর্যন্ত এবং স্বাধীনতা পরবর্তী সময়) যে কোন ১টি সময়ের বর্ণনা | বাংলাদেশে সমাজবিজ্ঞানের বিকাশধারা সম্পর্কে সাধারণ বর্ণনা | |
| | | | | মোট = ১২ | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১২

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১০ - ১২ | অতি উত্তম |
| ০৮ -০৯ | উত্তম |
| ০৬ -০৭ | ভালো |
| ০-০৫ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য আসাইনমেন্ট

বিষয়: সমাজকর্ম | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২৭২ | স্তর:এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br>প্রথম অধ্যায়:<br>বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা | বর্তমান কোভিড পরিস্থিতিতে বাংলাদেশের নিম্নবিত্ত জনগোষ্ঠীর মৌলিক মানবিক চাহিদা পূরণের পথে অন্তরায়গুলো চিহ্নিত করে সেগুলো দূরীকরণে গৃহীত পদক্ষেপ বর্ণনা | • মৌলিক মানবিক চাহিদার ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণের অন্তরায় ব্যাখ্যা করতে পারবে<br>• বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণে গৃহীত পদক্ষেপ বর্ণনা করতে পারবে | • দৃষ্টান্তসহ মৌলিক মানবিক চাহিদার ধারণা<br>• মৌলিক মানবিক চাহিদার বিবরণ<br>• নিম্নবিত্তদের মৌলিক মানবিক চাহিদা পূরণে বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ<br>• সমস্যা নিরূপনে গৃহীত পদক্ষেপ | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. মৌলিক মানবিক চাহিদার ধারণা | মৌলিক মানবিক চাহিদার ধারণা দৃষ্টান্তসহ সুস্পষ্টভাবে লিখেছে | মৌলিক মানবিক চাহিদার ধারণা দৃষ্টান্তসহ অধিকাংশ লিখেছে | মৌলিক মানবিক চাহিদার ধারণা আংশিক লিখেছে | মৌল মানবিক চাহিদার ধারণা সম্পর্কে অস্পষ্ট লিখেছে | |
| খ. মৌলিক মানবিক চাহিদার বিবরণ | ৬টি মৌলিক মানবিক চাহিদার বিবরণ সুস্পষ্টভাবে লিখেছে | ৬টি মৌলিক মানবিক চাহিদার বিবরণ অধিকাংশ লিখেছে | ৬টি মৌলিক মানবিক চাহিদার বিবরণ আংশিক লিখেছে | ৬টি মৌলিক মানবিক চাহিদার বিবরণ অস্পষ্টভাবে লিখেছে | |
| গ. মৌলিক মানবিক চাহিদা পূরণে বিদ্যমান ৫ টি সমস্যা | মৌলিক মানবিক চাহিদা পূরণে বিদ্যমান ৫ টি সমস্যা যথাযথভাবে চিহ্নিত করে লিখেছে | বিদ্যমান ৪টি সমস্যা যথাযথভাবে চিহ্নিত করেছে | বিদ্যমান ৩/৪টি সমস্যা সম্পর্কে আংশিক ধারণা দিয়েছে | বিদ্যমান ২/৩টি সমস্যা সম্পর্কে অস্পষ্ট ধারণা দিয়েছে | |
| ঘ. সমস্যা সমাধানে গৃহীত ৫টি পদক্ষেপ | সমস্যা নিরূপনে গৃহীত ৫টি পদক্ষেপ সুস্পষ্টভাবে লিখেছে | সমস্যা নিরূপনে গৃহীত ৫/৪টি পদক্ষেপ সম্পর্কে অধিকাংশ লিখেছে | সমস্যা নিরূপনে গৃহীত ৪/৩টি পদক্ষেপ সম্পর্কে আংশিক লিখেছে | সমস্যা নিরূপনে গৃহীত ২/৩টি পদক্ষেপ সম্পর্কে অস্পষ্ট ভাবে লিখেছে | |
| ঙ. উপস্থাপনা কৌশল | নান্দনিক ,সৃজনশীল ও মৌলিকত্ব রয়েছে উপস্থাপনায় | নান্দনিকতা ও সৃজনশীলতা আছে তবে মৌলিকত্ব নাই উপস্থাপনায় | আংশিক লিখেছে কিন্তু সৃজনশীল নয় এবং মৌলিকত্বের অভাব | হুবহু পাঠ্যবই থেকে লিখেছে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক, এবং আংশিক= ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০-০৯ | অগ্রগতি প্রয়োজন |